

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৬

নথি নম্বর: ৪৬ ০৫.০০০০.৪১০.৫৯.০০৪.২৩ নথির বিষয়: Supply, Installation of LT-CT energy meter and display units of different DTW stations under MODS Zone-6, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Supply, Installation of LT-CT energy meter and display units of different DTW stations under MODS Zone-6, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৭/৮/২৩ ৪:১৯ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৬ এর বনশ্রী ডিপিডিসির আওতাধীন বনশ্রী-৭ পানির পাম্প(ডিপিডিসি কাস্টমার নং-০৫৩৭৯৪৬৫) , মতিঝিল ডিপিডিসির আওতাধীন পরিজঙ্গীর মাজার পানির পাম্প(ডিপিডিসি কাস্টমার নং-১০০২৮৩৬৩) এবং আরামবাগ বালুর মাঠ পানির পাম্প(ডিপিডিসি কাস্টমার নং-১০০২৭৯৭১) এর LT-CT মিটারিং ইউনিট সমূহ নষ্ট থাকায় ডিপিডিসি কর্তৃক উক্ত পানির পাম্পসমূহে সঠিক রিডিং অনুযায়ী বিদ্যুৎ বিল জারী করা সম্ভব হচ্ছে না। যার দরুন ইন্টিমেটেড বিল জারী করা হচ্ছে।উল্লেখ্য যে বনশ্রী ডিপিডিসির আওতাধীন ৮ টি ক্রটিপূর্ণ মিটারের মধ্যে ইতিমধ্যে ৭ টি মিটার প্রতিস্থাপন করা হয়েছে। বর্ণিত পাম্প স্টেশন সমূহের বৈদ্যুতিক এলটিসিটি মিটারিং ইউনিট পরিবর্তনের জন্য এনওসিএস বনশ্রী ডিপিডিসি স্মারক নং-৮৭.২৪৫.১২২.২১.০০.০২৬.২০২২.৬৭৫ তাং-২৮-১২-২০২২ ইং এবং এনওসিএস মতিঝিল,ডিপিডিসি স্মারক নং-৮৭.২৩৫.২০৪.০৬.০০.০০১.২০২৩/৯৩৭ তাং-২৪-০৮-২০২৩ ইং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। বাংলাদেশ এনার্জী রেগুলেটরি কমিশন কর্তৃক আদেশ নং-২০২০/০৬ তারিখ:২৭-০২-২০২০ ইং অনুচ্ছেদ নং-৮.১২ অনুযায়ী ডিপিডিসির আওতাধীন সকল মধ্যচাপ, উচ্চচাপ এবং অতি উচ্চচাপ গ্রাহককে Automated Meter Reading (AMR) দ্বারা অনলাইন মিটারিং এর আওতায় আনার নির্দেশনা রয়েছে। বনশ্রী-৭ পানির পাম্প(ডিপিডিসি কাস্টমার নং-০৫৩৭৯৪৬৫), পরিজঙ্গীর মাজার পানির পাম্প(ডিপিডিসি কাস্টমার নং-১০০২৮৩৬৩) , আরামবাগ বালুর মাঠ পানির পাম্প(ডিপিডিসি কাস্টমার নং-১০০২৭৯৭১) এর LT-CT মিটারিং ইউনিট নষ্ট থাকায় Automated Meter Reading (AMR) সিস্টেম করা সম্ভব হবে না। ডিপিডিসির কেন্দ্রীয় ভাভারে বর্ণিত ক্ষমতার কোন এলটিসিটি মিটার মজুদ না থাকায় ঢাকা ওয়াসা থেকে LT-CT মিটার সমূহ ক্রয় করে তাদের অফিসিয়াল নিয়ম মোতাবেক টেস্ট পূর্বক স্থাপনের ব্যবস্থা নিতে হবে। LT-CT মিটারিং ইউনিট ০৩ (তিন)টি স্থাপন করা হলে মিটার রিডিং অনুযায়ী বিল হবে এবং এতে ঢাকা ওয়াসা থেকে ডিপিডিসি কে বিল পরিশোধ স্বচ্ছতা নিশ্চিত হবে। সে প্রেক্ষিতে ডিপিডিসির স্পেসিফিকেশন মোতাবেক বর্ণিত পানির পাম্পসমূহের মিটারিং ইউনিট পরিবর্তন করার জন্য পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাকলন তৈরী করা হয়েছে। যাতে টাকার পরিমান দাড়িয়েছে টা:-৩,৭৮,৫৬৩.০০ (তিন লক্ষ আটাত্তর হাজার পাঁচশত তেষট্টি) টাকা মাত্র। আলোচ্য কাজটি অতি জরুরী ও বিশেষ প্রকৃতির বিবেচনায় পিপিআর ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি মোতাবেক এতদকাজে অভিজ্ঞ ঠিকাদারী প্রতিষ্ঠান "M/s R S Technocracy" সাথে সরাসরি চুক্তি পদ্ধতি (ডিপিএম) এ সম্পাদন করা যেতে পারে।আলোচ্য কাজটি মডস জোন-৬ এর ২০২৩-২৪ ইং অর্থবছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার HT Meter Installation, Code No- (02-01-013) খাত এর ক্রমিক নং-৮, প্যাকেজ নং- G-3 এ অন্তর্ভুক্ত আছে। যার অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৪):

- ১। মডস জোন-৬ এর ২৩-২৪ অর্থ বছরের ক্রয় বিক্রয় পরিকল্পনার এর অনুমোদিত কপি।
- ২। এনওসিএস বনশ্রী ডিপিডিসি এবং এনওসিএস মতিঝিল ডিপিডিসি হতে প্রাপ্ত পত্র।
- ৩। পূর্বানুমোদিত দরের কপি।
- ৪। প্রস্তাবিত কাজের প্রাকলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৭/৮/২৩ ৪:১৯ অপরাহ্ন

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার বর্ণিত ০৩ (তিন) টি পানির পাম্পের বিকল/ক্রটিপূর্ণ LT-CT মিটার পরিবর্তনের স্বার্থে Supply, Installation of LT-CT energy meter and display units of different DTW stations under MODS Zone-6, Dhaka WASA. কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য নথিতে উপস্থাপিত সর্বমোট টা:- ৩,৭৮,৫৬৩.০০ (তিন লক্ষ আটাত্তর হাজার পাঁচশত তেষট্টি) টাকা মাত্র পিপিআর ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি মোতাবেক ঠিকাদারের সহিত সরাসরি চুক্তি পদ্ধতি (ডিপিএম) এ "M/s R S Technocracy"এর মাধ্যমে সম্পন্ন করার সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।উল্লেখ্য যে ,কাজটির অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

রাইফুল ইসলাম ২৭/৮/২৩ ৪:২৮ অপরাহ্ন রাইফুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৬	রাইফুল ইসলাম ২৭/৮/২৩ ৫:২৩ অপরাহ্ন মোঃ সাইফুল ইসলাম সহকারী প্রকৌশলী মডস জোন-৬	রাইফুল ইসলাম ২৮/৮/২৩ ১২:৩৪ পূর্বাহ্ন মোহাম্মদ মাহবুবুর রহমান নির্বাহী প্রকৌশলী মডস জোন-৬	২৮/৮/২৩ ১২:৩৪ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ কক্সবন্দার প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১
---	--	--	--

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৮/৮/২৩ ৮:০৯ পূর্বাহ্ন

অনুচ্ছেদ ১.১ এর প্রস্তাব প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেওয়া যেতে পারে।

২৮/৮/২৩ ৮:১০ পূর্বাহ্ন মোঃ আব্দুল মজিদ কক্সবন্দার প্রকৌশলী (চলতি দায়িত্ব) মডস সার্কেল-১	২৮/৮/২৩ ৮:১০ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
---	--

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৯/৮/২৩ ৭:২২ অপরাহ্ন

অনুমোদিত

২৯/৮/২৩ ৭:২২ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৯/৮/২৩ ৭:২২ অপরাহ্ন মোহাম্মদ মাহবুবুর রহমান নির্বাহী প্রকৌশলী মডস জোন-৬
--	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ৩০/৮/২৩ ৬:০৯ পূর্বাহ্ন

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নিন।

রাইফুল ইসলাম ৩০/৮/২৩ ৬:১০ পূর্বাহ্ন মোহাম্মদ মাহবুবুর রহমান নির্বাহী প্রকৌশলী মডস জোন-৬	রাইফুল ইসলাম ৩১/৮/২৩ ১০:২৭ পূর্বাহ্ন মোঃ সাইফুল ইসলাম সহকারী প্রকৌশলী মডস জোন-৬	রাইফুল ইসলাম ৩১/৮/২৩ ১২:২৮ অপরাহ্ন রাইফুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৬
---	---	--

২৭০